গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১.২১৮

তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
০৫ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: **এনটিআরসিএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে শিক্ষক নিয়োগের জন্য সুপারিশকরণের লক্ষ্যে বিশেষ গণবিজ্ঞপ্তি ২০২২ এর ফলাফল প্রকাশ।**

সূত্র: এনটিআরসিএ'র বিশেষ গণবিজ্ঞপ্তি ২০২২ এর স্মারক নং ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১.৩৯ তারিখ: ০৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি:

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এনটিআরসিএ কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে এমপিও এবং নন-এমপিও পদে শিক্ষক নিয়োগের জন্য গত ০৬/০২/২০২২ খ্রিঃ তারিখের প্রকাশিত বিশেষ গণবিজ্ঞপ্তি ২০২২ এর আওতায় প্রার্থী নির্বাচনের ফলাফল প্রকাশ করা হয়েছে। ফলাফলের তথ্য এনটিআরসিএ'র ওয়েবসাইট (www.ntrca.gov.bd) এবং http://ngi.teletalk.com.bd লিংকে পাওয়া যাবে। এছাড়া নির্বাচিত প্রার্থী এবং প্রতিষ্ঠান প্রধানের নিকট এ সংক্রান্ত **SMS** সংশ্লিষ্ট মোবাইলে প্রেরণ করা হয়েছে।

২. প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ০৪ (চার) কপি প্রাক চাকুরি জীবন বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম ভি-রোল) যথাযথভাবে পূরণ করে এনটিআরসিএ'র কার্যালয়ে সরাসরি/হাতে হাতে ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো। পুলিশ ভেরিফিকেশন (ভি-রোল) ফরম এনটিআরসিএ'র ওয়েবসাইট (www.ntrca.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। ভি-রোল ফরম জমা দেওয়ার সময় **খামের উপরে নিবন্ধন পরীক্ষার ব্যাচ, রোল নম্বর, নিজ জেলা এবং মোবাইল নম্বর** আবশ্যিকভাবে লিপিবদ্ধ করতে হবে।

05.06.2022 খ্রি.
(এ বি এম শওকত ইকবাল শাহীন)
সদস্য (যুগ্মসচিব)
(শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ফোনঃ ৪১০৩০০৪৭

C:\Users\NTRCA\Desktop\Result Publish 02.06.22 - Copy\ফলাফল বিজ্ঞপ্তি.doc